যুগ্মসচিব (আইসিটি) এর দপ্তর
সিস্টেম এনালিষ্ট/ব্যক্তিগত কর্মকর্তা
ডাইরী নং ৮০৮ ... তারিখঃ ২৯/৯/১৪
স্বাক্ষরঃ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
তদন্ত ও শৃঙ্খলা অধিশাখা

নম্বর ৩৫.০০.০০০০.০২৮.২৭.০১০.১৩-১৫৭

তারিখ : ২৫ সেপ্টেম্বর ২০১৪
১০ আশ্বিন ১৪২১

## প্রজ্ঞাপন

যেহেতু, আপনি জনাব মোঃ নূরুল আলম (পরিচিতি নম্বর ৫০০৪৮২), সড়ক উপ-বিভাগ, পঞ্চগড় যখন রামগর সড়ক উপ-বিভাগ, খাগড়াছড়ি-তে কর্মরত ছিলেন তখন রামগড়-জালিয়াপাড়া সড়কের ক্ষতিগ্রস্ত সড়ক বাঁধ মেরামত ও পেভমেন্ট পুনর্নির্মাণ (সসার ড্রেনসহ) কাজ সম্পাদন না করে ফেলে রাখেন;

এবং

যেহেতু, অতিরিক্ত প্রধান প্রকৌশলী, চট্টগ্রাম সড়ক জোন এর গত ০৫-০৯-২০১৩ তারিখের গোপনীয় পত্র হতে দেখা যায় যে, আপনি ঊর্ধ্বতন কর্তৃপক্ষের আদেশ-নির্দেশ অমান্য করেন, দায়িত্বে অবহেলা করেন ও সওজ অধিদপ্তর এর ভাবমূর্তি ক্ষুণ্ন হয় এমন কার্যকলাপে জড়িত আছেন;

এবং

যেহেতু, একইপত্র হতে আরো প্রতীয়মান হয় যে, আপনার বিরুদ্ধে বিভাগীয় মালামাল আত্মসাৎ ও বিভিন্ন অপ্রীতিকর কার্যকলাপের সাথে সম্পৃক্ত থাকার অভিযোগ রয়েছে এবং আপনাকে সতর্ক করা সত্ত্বেও আপনার আচরণের কোন পরিবর্তন হয়নি;

এবং

যেহেতু, সড়ক বিভাগ, যোগাযোগ মন্ত্রণালয় কর্তৃক গঠিত মনিটরিং টিম-০১ গত ০৪-০৫ অক্টোবর ২০১৩ সময়ে খাগড়াছড়ি পরিদর্শন করে পরিদর্শন মন্তব্যে উল্লেখ করেন অনুচ্ছেদ-১ তে বর্ণিত মেরামত কাজে আপনি তৎপর নন, আপনার কাজে টিমওয়ার্ক নেই, কর্মস্থলে অননুমোদিত অনুপস্থিত থাকেন ও কর্তব্যে অবহেলা করেন;

এবং

যেহেতু, আপনার উপর্যুক্ত কার্যকলাপ সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ২(এফ) অনুযায়ী অসদাচরণ এবং একই বিধিমালার ৩(ডি) অনুযায়ী দুর্নীতিপরায়ণ;

এবং

যেহেতু, উক্তরূপ কার্যকলাপের জন্য আপনাকে একই বিধিমালার ৩(বি) ও ৩(ডি) অনুযায়ী যথাক্রমে অসদাচরণ ও দুর্নীতিপরায়ণ এর অভিযোগে অভিযুক্ত করা হয়;

এবং

যেহেতু, উক্তরূপ কার্যকলাপের জন্য কেন আপনাকে একই বিধিমালার বিধি ৪(৩)(ডি) অনুযায়ী চাকুরী হতে বরখাস্ত (dismissal from service) করা হবে না বা উপযুক্ত অন্য কোন শাস্তি দেয়া হবে না তা অভিযোগনামা প্রাপ্তির ১০ (দশ) কার্য দিবসের মধ্যে দফাওয়ারী লিখিতভাবে জানানোর জন্য নির্দেশ প্রদান করা হয়। আপনি ব্যক্তিগত শুনানীর মাধ্যমে কোন কিছু জ্ঞাত করাতে চান কি-না অথবা আপনার বক্তব্যের সমর্থনে কোন সাক্ষ্য প্রমাণ উপস্থাপন করতে চান কি-না তাও লিখিত জবাবে উল্লেখ করার জন্য নির্দেশ প্রদান করা হয়;

এবং

যেহেতু, আপনি গত ২৯-০৪-২০১৪ তারিখে জবাব দাখিল করে ব্যক্তিগত শুনানীর আগ্রহ প্রকাশ করলে গত ০১-০৬-২০১৪ তারিখে আপনার শুনানী গ্রহণ করা হয়;

এবং

যেহেতু আপনার লিখিত জবাব, শুনানীকালে প্রদত্ত বক্তব্য সন্তোষজনক না হওয়ায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৭(২)(সি) বিধি মোতাবেক বিভাগীয় মামলাটি তদন্ত করার জন্য এ বিভাগের উপসচিব জনাব দীপঙ্কর মন্ডল-কে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়;

এবং

যেহেতু, তদন্তকারী কর্মকর্তা আপনার বিরুদ্ধে আনীত ৪টি অভিযোগের মধ্যে ২টি অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে উল্লেখপূর্বক মতামতসহ তদন্ত প্রতিবেদন দাখিল করেন;

*চলমান পাতা-২*

এবং

যেহেতু, আপনার লিখিত জবাব, শুনানীকালে প্রদত্ত বক্তব্য, তদন্তকারী কর্মকর্তার প্রতিবেদন ও আনুষঙ্গিক দলিল দস্তাবেজ পর্যালোচনায় প্রতীয়মান হয়েছে যে, আপনার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ২(এফ)-এর সংজ্ঞা অনুযায়ী অসদাচরণ অভিযোগ প্রমাণিত হয়েছে;

এবং

এক্ষণে, সার্বিক বিবেচনায় জনাব মোঃ নূরুল আলম (পরিচিতি নম্বর-৫০০৪৮২), উপ-বিভাগীয় প্রকৌশলী (চঃ দাঃ), সড়ক উপ-বিভাগ, পঞ্চগড় (প্রাক্তন উপ-বিভাগীয় প্রকৌশলী, রামগড় সড়ক উপ-বিভাগ, খাগড়াছড়ি)-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৪(২)(এ) অনুযায়ী লঘুদণ্ড হিসেবে 'তিরস্কার' (censure) দণ্ডে দণ্ডিত করা হল।

জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

২৫.০৯.২০১৪

(এম, এ, এন, ছিদ্দিক)
সচিব

নম্বর ৩৫.০০.০০০০.০২৮.২৭.০১০.১৩-১৫৭/১(১৪)

তারিখ : ২৫ সেপ্টেম্বর ২০১৪ / ১০ আশ্বিন ১৪২১

<u>সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)</u> :

০১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২. মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
০৩. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪. সিনিয়র সচিব, জন বিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা।
০৫. সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, শের-ই-বাংলা নগর, আগারগাঁও, ঢাকা।
০৬. অতিরিক্ত সচিব/অতিরিক্ত সচিব (প্রশাসন), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৭. প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা **(প্রজ্ঞাপনটির সংক্ষিপ্ত সার PDS-এ অন্তর্ভুক্ত করার জন্য অনুরোধ করা হল)।**
০৮. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৯. যুগ্মসচিব (সওজ গেজেটেড ও ঢাকা বিআরটি), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা **(প্রজ্ঞাপনটি ব্যক্তিগত নথিতে সংরক্ষণের জন্য অনুরোধ করা হল)।**
১০. যুগ্মসচিব (আইসিটি ইউনিট), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা **(প্রজ্ঞাপনটি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।**
১১. উপপরিচালক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা **(প্রজ্ঞাপনটি পরবর্তী গেজেটে প্রকাশ এবং প্রকাশিত গেজেটের ৫ (পাঁচ) কপি নিম্নস্বারকারী বরাবর প্রেরণ করার জন্য অনুরোধ করা হল)।**
১২. সচিবের একান্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৩. প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুন বাগিচা, ঢাকা।
১৪. জনাব মোঃ নূরুল আলম (পরিচিতি নম্বর-৫০০৪৮২), উপ-বিভাগীয় প্রকৌশলী (চঃ দাঃ), সড়ক উপ-বিভাগ, পঞ্চগড়।

২৮.০৯.১৪

(রওশন আরা বেগম)
যুগ্মসচিব
ফোনঃ ৯৫৭৫৫১৯